বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
গোপনীয় অনুবেদন (ACR) শাখা, প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.২২১.৮৬.০০৬.২৪.৫০৭৬

তারিখ: ১৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' অনুযায়ী বার্ষিক গোপনীয় অনুবেদনে অনুস্বাক্ষরকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল্যায়ন নম্বর ও মন্তব্যের মধ্যে সামঞ্জস্যতা বিধান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিআর-৩ শাখার ০৫.০০০০.১০২.২২.০০১.১৬(অংশ-২)-৯৭, ২৩/১০/২০২৪ তারিখের পত্রে 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' এর ৩.২.৪ নং অনুচ্ছেদে "অনুবেদনকারীকে গোপনীয় অনুবেদন লেখার সময় বস্তুনিষ্ঠ, নিরপেক্ষ ও সুনির্দিষ্ট হতে হবে। অস্পষ্ট, দ্ব্যর্থক মন্তব্য করা যাবে না" মর্মে উল্লেখ রয়েছে। সিআর অধিশাখায় প্রাপ্ত বার্ষিক গোপনীয় অনুবেদনসমূহ পর্যালোচনায় অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্তৃক প্রদত্ত মূল্যায়ন নম্বর ও মন্তব্যের মধ্যে অসামঞ্জস্য পরিলক্ষিত হচ্ছে। কোন অনুবেদনাধীন কর্মকর্তার বিরুদ্ধে কোন বিরূপ মন্তব্য করার ক্ষেত্রে "গোপনীয় অনুবেদন অনুশাসনমালা ২০২০" এর চতুর্থ অধ্যায়ের ৪.৩ নং অনুচ্ছেদে নিম্নবর্ণিত অনুশাসন রয়েছে:

৪.৩.১ অনুবেদনাধীন কর্মচারীর আচরণ বা কার্যধারায় কোনো ত্রুটি পরিলক্ষিত হলে অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্তৃক বিরূপ মন্তব্য প্রদানের পূর্বে তাকে লিখিতভাবে সংশোধনের জন্য আদেশ প্রদান করতে হবে এবং যথাযথভাবে আদেশ জারিপূর্বক অনুলিপি কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করতে হবে এবং আব্যশ্যিকভাবে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষকে অনুলিপি প্রেরণ করতে হবে।

৪.৩.২ লিখিত আদেশের পরও সংশোধন না হলে গোপনীয় অনুবেদনে বিরূপ মন্তব্য প্রদান করা যাবে। বিরূপ মন্তব্য সুস্পষ্ট ও সুনির্দিষ্ট হতে হবে এবং গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের সময় ইতঃপূর্বে লিখিতভাবে সতর্কীকরণ নোটিশের কপি আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

৪.৩.৩ অনুবেদনকার কর্তৃক বিরূপ মন্তব্যের বিষয়ে প্রতিস্বাক্ষরকারী একমত পোষণ না করলে উল্লেখপূর্বক মন্তব্য ও নম্বর প্রদান করতে হবে। এ ক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারীর মন্তব্য ও প্রদত্ত নম্বর চূড়ান্ত হিসাবে গণ্য হবে।

বর্নিত অবস্থায়, 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' অনুযায়ী বার্ষিক গোপনীয় অনুবেদনে অনুস্বাক্ষরকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল্যায়ন নম্বর ও মন্তব্যের মধ্যে সামঞ্জস্য বিধানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩-১১-২০২৪
মোহাম্মদ ইকরাম উল্লাহ
পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)
৪১০৯১০৫২ (ফোন)
... (ফ্যাক্স)
dhr@caab.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
২। নির্বাহী পরিচালক (সকল) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।;
৩। পরিচালক (সকল) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।;
৪। পরিচালক, শাহ আমানত আন্তজার্তিক বিমানবন্দর, চট্টগ্রাম;

৫। পরিচালক, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট;
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।;
৭। উপ-পরিচালক (সকল) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।;
৮। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।;
৯। নির্বাহী প্রকৌশলী (সকল) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।;
১০। সহকারী পরিচালক (সকল) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।;
১১। উপ-বিভাগীয় প্রকৌশলী (সকল) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।;
১২। সহকারী প্রকৌশলী (সকল) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।;
১৩। বিমানবন্দর ব্যবস্থাপক, কক্সবাজার আন্তঃ বিমানবন্দর, কক্সবাজার।;
১৪। বিমানবন্দর ব্যবস্থাপক, যশোর বিমানবন্দর, যশোর;
১৫। বিমানবন্দর ব্যবস্থাপক, সৈয়দপুর বিমানবন্দর;
১৬। বিমানবন্দর ব্যবস্থাপক, বরিশাল বিমানবন্দর, বরিশাল;
১৭। বিমানবন্দর ব্যবস্থাপক, শাহ মখদুম বিমানবন্দর, রাজশাহী;
১৮। tবিমানবন্দর ব্যবস্থাপক, ঈশ্বরদী বিমানবন্দর, পাবনা;
১৯। বিমানবন্দর ব্যবস্থাপক,, কুমিল্লা বিমানবন্দর।;
২০। সিনিয়র অফিসার/মেডিক্যাল অফিসার (সকল) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ। এবং
২১। সিনিয়র উর্ধ্বতন সহকারী প্রকৌশলী (সকল) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।।

**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.২২১.৮৬.০০৬.২৪.৫০৭৬/১ (২)

তারিখ: ১৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সদস্য (সকল), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং
২। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

০৩-১১-২০২৪
মোহাম্মদ ইকরাম উল্লাহ
পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)

**সকল সংযুক্তিসমূহ:**
(১) গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০
(২) গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩